“রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের নিকট আযলের বিষয়টি আলোচনা করা হলো, তিনি বললেন, তোমাদের কেউ সেটা কেন করে? কারণ, আল্লাহ যাকে সৃষ্টি করবেন, সেটা অবশ্যই করবেন।”

আবূ সা‘ঈদ আল-খুদরী রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু
আলাইহি ওয়াসাল্লামের নিকট আযলের বিষয়টি আলোচনা করা হলো, তিনি বললেন, তোমাদের কেউ
তা কেন করে? এ কথা বলেন নি, তোমাদের কেউ তা করবে না? কারণ, যেটা হওয়ার সেটা আল্লাহ সৃষ্টি করবেনই।”
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের নিকট আযলের আলোচনা হলো যে, অনেক পুরুষ তাদের স্ত্রী ও বাঁদীদের সাথে আযল (স্ত্রীর যোনী পথের বাইরে বীর্য নিক্ষেপ) করেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম তাদেরকে এ ধরনের কর্ম করার কারণ অপছন্দনীয় বাক্য দ্বারা জানতে চাইলেন। তারপর তিনি এ কর্ম থেকে বাধাদানকারী সন্তোষ জনক উত্তর তাদেরকে প্রদান করেন। আর তা হলো, আল্লাহ তা‘আলা তাকদীরকে নির্ধারণ করেছেন। আল্লাহ যে আত্মা সৃষ্টি করবেন এবং যার দুনিয়াতে আসা নির্ধারণ করে রেখেছেন, তোমাদের এ কর্মটি তা কখনো ঠেকাতে পারবে না। কারণ, তিনিই কারণ ও বাস্তবতা নির্ধারণকারী। যখন পুরুষের কোন বীর্য থেকে তিনি শুক্রানো সৃষ্টির ইচ্ছা করেন, তখন তা কোন সময় তার নিরাপদ স্থানে পৌঁছে যাবে সে বুঝতেই পারবে না।

http://sunnah.global/hadeeth/bn/show/6041